গাংনীতে গ্রামীণ খেলাধুলা অনুষ্ঠিত

গাংনী উপজেলা চেংগাড়া সরকারী প্রথামিক বিদ্যালয় নবম বার্ষিক শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা শুক্রবার সকাল দশটা থেকে “যেমন খুশি তেমন সাজো” ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

দিন ব্যাপি প্লেট র্মাবেল উত্তোলন,ইট পায়ে হাটা,ঘরে বাইরে,চেয়ারে বসা. গুপ্ত ধন,অংক দৌড়, বন্ধ চোখে হাসঁ ধরা,ডিগবাজী, বস্তার উপরে বসে বস্তায় টানাদৌড়,বালিতে ঝুলিয়ে বল নিক্ষেপ,গামলার ভিতরে বেলুন ফোঁটানো,পিঠে হাড়ি ভাঙ্গা,স্বামীর পেটে স্ত্রীর বল নিক্ষেপ,(স্বামী স্ত্রী) দড়ি টানাটানি,হাড়ি ভাঙ্গা,আস্তে আস্তে মটর সাইকেল চালোন,মেরুদন্ড শক্তির পরিক্ষা, তেলাক্ত কলা গাছ,বালিশ লড়াই, সাবানা মাখা প্রতিযোগিতা,অন্ধভাবে পথ চলা, এছাড়ও রয়েছে নতুন আকর্ষনীয় সব ঐতিহ্যবাহী গ্রামীণ খেলাগুলো স্মৃতি ধরে রাখার জন্য চেংগাড়া গ্রামের যুব সমাজ এই আয়োজন করেন।

শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা পরিচলানা কমিটির জান মোহাম্মদ মিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক,বিশেষ অতিথি ছিলেন ষোলটাকা ইউপির চেয়ারম্যান আনোয়ার হোসেন(পাশা),সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা,গাংনী প্রেক্লাবের জ্যোষ্ঠ সাংবাদিক মজনুর রহমান আকাশ,ষোলটাকার ছয় নং ওর্য়াড মেম্বর আবদø কুদ্দস প্রমুখ।

আয়োজক কমিটির সভাপতি জান মোহাম্মদ মিন্টু বলেন, গ্রামীন খেলা ধুলাকে ধরে রাখার জন্য এই খেলাধুলার আয়োজন। এই খেলা প্রতিবছর আয়োজন করি। কোভিড এর কারনে দুই বছর হয়নি। ১১ বছরে ধরে এই খেলাধুলা চালিয়ে আসেছেন চেংগাড়া গ্রামের লোকজন। দূর দুরন্ত থেকে এখানে খেলা উপভোগ করতে আসেন। বিভিন্ন বয়সের মানুষ তারা উপভোগ করে এবং আনন্দ পাই।

চেংগাড়া গ্রামের ইলাইহি বক্রা (৯৫)বছরে বৃদ্ধা ভাঙ্গা ভাঙ্গা কন্ঠে জানান, গ্রামের খেলাধুলা নাম শোনে খুবই আনন্দ লাগলো আসতে কষ্টে হলে,আসতে পেরে খেলা দেখেতে পেরেছি এটাই অনেক আনন্দ। ,হরেক

রকমের খেলাধুলা আমার খুবই পছন্দ বলে জানান।

গাংনী ফতাইপুর গ্রাম থেকে খেলা দেখতে আসা আব্দুল কুদ্দস আলী (৭৯) আধুনিক প্রযুক্তির মাধ্যমে ঘরে বসে খেলাধুলা করে। আমাদের নাতিপুতিরা বাবা এই সব খেলাধুলার নামেই জানে না।

ফিল্টে বসে খেলা দেখার মজা আলাদা বলে জানান ষষ্ট শ্রেণীর শিক্ষার্থী চেংগাড়া গ্রামের খেলা দেখতে আসা মাইশা আক্তার জানান,গ্রামীণ খেলাগুলো দেখতে আমার খুব ভালো লাগে। তাই হাড়াভাঙ্গা গ্রাম থেকে এসছি আহ! বাবা মা‘র শৈশব কাল কতই না স্ন্দুর ছিলো। এটাও অনুভাব করছি আহরে কতো না সুন্দর ছিলো কিশোর আর শিশু কাল তাদের। গ্রাম বাংলার এ এক অপূর্ব নিদর্শন কালের গর্ভে কোথায় হারিয়ে যাচ্ছে এই খেলাধুলা,হারিয়ে যাচ্ছে শিশু দের দুরন্তপনা।

বক্তারা বলেন, আবহমান বাংলার ঐতিহ্যবাহী খেলা গুলোর আজ বিলপ্তির পথে গ্রামীণ খেলাগুলো অস্তিত্ব খুজেঁ পাওয়াই কঠিন। আধুনিক প্রযুক্তির ছোঁয়া গ্রাম বাংলার খেলাধুলা আজ রুপকথার ন্যায়। দেশের বিভিন্ন অঞ্চলে শতাধিক গ্রামীণ খেলাধুলার প্রচলন ছিলো। কালের বির্বতনে দিন দিন হারিয়ে যাচ্ছে। স্মার্টফোন, ল্যাপটপ,ডেস্কটপে ভিডিও,এসব খেলার কারনে গ্রামীণ খেলা গুলো বিলপ্তির পথে বলে মনে করেন

দামুড়হুদায় স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা ও পুরুষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০ টায় দামুড়হুদা দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। টুর্নামেন্টে তিনটি দল অংশগ্রহণ করেন দশমী স্থানীয় পাড়া, বনানী পাড়া ও পলাশী পাড়া একাদশ অংশগ্রহণ করে। খেলায় দশমী স্থানীয় পাড়া একাদশ চ্যাম্পিয়ন ও পলাশী পাড়া একাদশ রানার আপ হয়।

খেলায় অ্যাম্পায়ার ছিলেন নাঈম হাসান মন্ডল। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ করেন দশমী স্থানীয় পাড়া ক্লাবের প্রতিষ্ঠা সভাপতি শেখ হাফিজুর শামসের। তিনি বলেন মাদকের ভয়াল থাবা থেকে যুব সমাজকে বাচাঁতে হলে খেলাধুলার বিকল্প নেই, তাই আমাদের সকলকে খেলাধুলার প্রতি মনোনিবেশ করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, সহ-সভাপতি আলামিন হক টনি, সাধারণ সম্পাদক নাঈম হাসান মন্ডল, যুগ্ম সম্পাদক আবদুল করিম,সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজ মুগ্ধ, বহিঃ সম্পর্ক বিষয়ক সম্পাদক সিজান পারভেজ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আলিফ মাহমুদ জীবন।

সিরিজ জিতেও শাস্তির কবলে দক্ষিণ আফ্রিকা

ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম দুই ম্যাচ জিতেই সিরিজ নিশ্চিত করে দক্ষিণ আফ্রিকা। তবে সিরিজের তৃতীয় ম্যাচে ইংলিশদের কাছে হারেন প্রোটিয়ারা। এই পরাজয়ের পর পায় দুঃসংবাদ।

শাস্তির কবলে পড়তে হয়েছে দক্ষিণ আফ্রিকার ক্রিকেটারদের। মন্থর ওভার রেটের কারণে আর্থিক জরিমানা করা হয়েছে দলটিকে।

বুধবার কিম্বার্লিতে ম্যাচে নির্ধারিত সময় এক ওভার কম করেন স্বাগতিকরা। পর দিন প্রোটিয়া ক্রিকেটারদের ম্যাচ ফির ২০ শতাংশ জরিমানা করার কথা জানায় আইসিসি।

আইসিসির আচরণবিধি অনুযায়ী, প্রতি ওভারের ঘাটতির জন্য সংশ্লিষ্ট দলের ক্রিকেটারদের ম্যাচ ফির ২০ শতাংশ হারে জরিমানা করা হয়। ম্যাচটি আইসিসি ক্রিকেট বিশ্বকাপ সুপার লিগে হওয়ায় পয়েন্টও কাটা হয়েছে দলটির। সুপার লিগের প্লেয়িং কন্ডিশন অনুসারে, প্রতি ওভার কমের জন্য কেটে নেওয়া হয় এক পয়েন্ট।

ম্যাচ রেফারি জেফ ক্রোর কাছে ভুল স্বীকার করে নেন দক্ষিণ আফ্রিকা অধিনায়ক বাভুমা। তাতে আনুষ্ঠানিক কোনো শুনানির প্রয়োজন হয়নি।

সূত্র: যুগান্তর

দামুড়হুদায় ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলে ক্রীড়া প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণ

দামুড়হুদায় ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জাতীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা এবং ক্রীড়া পতাকা উত্তোলন করেন দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ধর্মীয় শিক্ষক ইউনুস আলী। দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি

দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, লেখা পড়ার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলার মাধ্যমে দেশকে বিশ্বের দরবারে তুলে ধরা যায়। এছাড়া খেলাধুলা শিশুদের শারিরীক গঠনের পাশাপাশি মেধার বিকাশ ঘটায়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের সিনিয়র শিক্ষক আরটিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি জহির রায়হান সোহাগের প্রাণবন্ত উপস্থাপনায় পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক প্রেসক্লাব সভাপতি এম. নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শিক্ষক মোমিনুল হক, ইউপি সদস্য নুরুল ইসলাম, শামসুল ইসলাম, জাহিদুল ইসলাম, ফারইস্ট লাইফ ইন্স্যুরেন্সের চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার জাহাঙ্গীর আলম।

ফাস্ট মাল্টিমিডিয়া শিক্ষক আলী কামাল আশরাফুল হক সাইদুর রহমান সালাউদ্দিন এবি এম রাশেদুজ্জামান নাসিমা খাতুন আব্দুল খালেক আসাদুল হক সাফায়েত হোসেন ওমর ফারুক আনোয়ার হোসেন ও লিটন। আরো উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক রাজু আহমেদ, হুজাইফা হোসেন, এম এম আসাদুজ্জামান, সাব্বির, সাদ্দাম হোসেন, হারুন-অর-রশিদ, ফয়সাল উদ্দিন, স্বপন আলী, শাকিল খান, ইউনুস আলী, শারমিন সুলতানা, সুবর্ণা সুলতানা দিতি, রত্না হোসেন যূথী, শারমিন আহমেদ দিয়া, নাজমা খাতুন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের পরিচালক মাসুম বিল্লাহ। পুরুষ্কার বিতরণ শেষে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও জাদু প্রদর্শণ করা হয়। জাদু প্রদর্শণ করেন দামুড়হুদার কৃতি সন্তান দেশ বরেন্য যাদু শিল্পী মোহাম্মদ আলী ওরফে জুনিয়র মন্টু। সঙ্গীত পরিবেশন করেন ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ছাত্র-ছাত্রী ও দামুড়হুদা শিল্পকলা একাডেমির শিল্পীবৃন্দ।

বেটিসকে হারিয়ে শীর্ষস্থান মজবুত বার্সেলোনার

রাফিনহা এবং রবার্ট লিওয়ানদোস্কির গোলে রিয়াল বেটিসকে ২-১ ব্যবধানে হারিয়ে লা লিগায় আট পয়েন্টে এগিয়ে গেছে শীর্ষস্থানে থাকা বার্সেলোনা। ইনজুরির কারণে কয়েক সপ্তাহের জন্য মাঠের বাইরে চলে গেছেন ফরাসি উইঙ্গার ওসমানে ডেম্বেলে।

আর তাই রাফিনহা নিজেকে প্রমাণের সুযোগ পুরোপুরি কাজে লাগান। ম্যাচের ৬৫ মিনিটে রাফিনহা বার্সেলোনাকে এগিয়ে দেন। তিন ম্যাচের নিষেধাজ্ঞা কাটিয়ে মাঠে ফেরা লিওয়ানদোস্কি ম্যাচ শেষের ১০ মিনিট আগে ব্যবধান দ্বিগুণ করার পাশাপাশি দলের জয় নিশ্চিত করেন। ৮৫ মিনিটে জুলেস কুন্ডের আত্মঘাতি গোলে বেটিস এক গোল পরিশোধ করে। কিন্তু তা পরাজয় এড়ানোর জন্য যথেষ্ট ছিলনা। ম্যাচ শেষে বার্সা কোচ জাভি হার্নান্দেজ বলেন, ‘আমি মনে করি আজ আমরা দারুণ খেলেছি। এ মাঠে খেলাটা সবসময়ই কঠিন। এই ফলাফলে আমি শুধুমাত্র খুশী না, একইসাথে দলের ক্রমাগত উন্নতিতে আমি আশাবাদী।’

এর আগে তিনটি লিগ ম্যাচেই বার্সেলোনা ১-০ গোলে জয়ী হয়েছিল। এর মধ্যে গত সপ্তাহে কাতালান প্রতিদ্বন্দ্বী জিরোনার বিরুদ্ধে একেবারেই সাদামাটা পারফরমেন্স দেখিয়েছিল বার্সা। কিন্তু কাল আবারো নিজেদের ফর্ম প্রমাণে শুরু থেকেই ব্যস্ত ছিল জাভির শিষ্যরা। বেটিসের শুরুটাও ভাল হয়েছিল। লুইজ হেনরিকের একটি শট ব্লক করে দিয়ে ম্যাচের শুরুতেই বার্সাকে রক্ষা করেছেন আলেহান্দ্রো বালডে। অন্যদিকে লেভার হেড অল্পের জন্য পোস্টের বাইরে দিয়ে চলে যায়। পেড্রির শটও বার্সেলোনাকে এগিয়ে দিতে পারেনি। অফসাইডের কারণে রাফিনহার একটি গোল বাতিল হয়ে যায়। দুই অর্ধে দুইবার বেটিস গোলরক্ষক রুই সিলভা পেড্রিকে হতাশ করেন।

ডি বক্সের ভিতর আবার ভিনিসিয়াসের ফাউলের বিপরীতে রাফিনহা পেনাল্টির জোড়ালো আবেদন করেও সফল হতে পারেননি। দ্রুত নেয়া একটি ফ্রি-কিক থেকে ফ্রেংকি ডি জং বালডের দিকে বল বাড়িয়ে দেন। তরুণ এই মিডফিল্ডারের যোগান দেয়া বলেই রাফিনহা ৬৫ মিনিটে ডেডলক ভাঙ্গেন।

লা লিগায় সর্বোচ্চ গোলদাতা লিওয়ানদোস্কির তিন ম্যাচ পরে ফেরাটা একের পর এক ব্যর্থতায় হতাশায় রূপ নিচ্ছিল। যদিও শেষ পর্যন্ত আর খালি হাতে ফিরতে হয়নি এই পোলিশ স্ট্রাইকারকে।

রোনাল্ড আরাউজোর সহায়তায় লা লিগা মৌসুমের ১৪ ও সব মিলিয়ে ২৩তম গোল করেন লেভা। বালডের আরও একটি ক্রস থেকে বদলী খেলোয়াড় আনসু ফাতির হেড অল্পের জন্য বাইরে চলে যায়। ম্যাচ শেষের পাঁচ মিনিট আগে কুন্ডের কারণে আত্মঘাতি গোলের লজ্জা পায় বার্সেলোনা। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে রেফারির সিদ্ধান্তের প্রতিবাদ করে মাঠ ছাড়েন বেটিস মিডফিল্ডার উইলিয়াম কারভালহো।

সূত্র: ইত্তেফাক

ইংল্যান্ডকে হোয়াইটওয়াশের মিশনে দক্ষিণ আফ্রিকা

প্রথমবার ইংল্যান্ডকে হোয়াইটওয়াশ করার সুযোগ পেয়েছে দক্ষিণ আফ্রিকা। প্রথম দুই ম্যাচ জিতে ইতোমধ্যেই সিরিজ জয় নিশ্চিত করেছে প্রোটিয়ারা। এবার ইংলিশদের হোয়াইটওয়াশের সুযোগ প্রোটিয়াদের সামনে। প্রথমবারের মত ওয়ানডে ফরম্যাটে ইংল্যান্ডকে হোয়াইটওয়াশের লক্ষ্য নিয়ে আজ তিন ম্যাচ সিরিজের তৃতীয় ও শেষ ওয়ানডেতে মাঠে নামছে দক্ষিণ আফ্রিকা। অন্যদিকে, প্রোটিয়াদের কাছে হোয়াইটওয়াশ এড়াতে জয় ছাড়া অন্য কিছুই ভাবছে না বিশ্বচ্যাম্পিয়ন ইংল্যান্ড।

বাংলাদেশ সময় আজ বিকেল ৫টায় কিম্বার্লিতে শুরু হবে দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ডের মধ্যকার তৃতীয় ও শেষ ওয়ানডে।

আগামী অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠেয় ওয়ানডে বিশ্বকাপে সরাসরি খেলার জন্য ইংল্যান্ডের বিপক্ষে এই সিরিজটি মহাগুরুত্বপূর্ণ দক্ষিণ আফ্রিকার কাছে। ইতোমধ্যে সাতটি দল বিশ্বকাপে সরাসরি খেলা নিশ্চিত করেছে। বাকি আছে মাত্র একটি জায়গা।

অষ্টম ও শেষ দল হিসেবে বিশ্বকাপে সরাসরি খেলা নিশ্চিতের জন্য সমীকরণের মারপ্যাচে না পড়তে ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের সব ম্যাচ তো জিততেই হবে, সেই সঙ্গে নিজেদের পরের সিরিজে নেদারল্যান্ডসের বিপক্ষে দুই ম্যাচের সবগুলোতে জিততে হবে প্রোটিয়াদের।

অষ্টম ও শেষ দল হিসেবে বিশ্বকাপে সরাসরি খেলার দৌঁড়ে দক্ষিণ আফ্রিকার প্রতিন্দ্বন্দ্বী শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইন্ডিজ। লঙ্কানদেরও এখনও তিনটি ম্যাচ বাকি, ওয়েস্ট ইন্ডিজের কোন খেলা নেই।

এখন পর্যন্ত বিশ্বকাপ সুপার লিগে ১৮ ম্যাচে ৭৯ পয়েন্ট নিয়ে টেবিলের ৯ম স্থানে আছে দক্ষিণ আফ্রিকা। ২৪ ম্যাচে ৮৮ পয়েন্ট নিয়ে ৮ম স্থানে ওয়েস্ট ইন্ডিজ এবং ২১ ম্যাচে ৭৭ পয়েন্ট নিয়ে ১০ম স্থানে আছে শ্রীলঙ্কা।

ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের প্রথম দুই ম্যাচেই দারুণ জয় তুলে নেয় দক্ষিণ আফ্রিকা। প্রথম ওয়ানডেতে ২৭ রানে ও দ্বিতীয়টিতে ৫ উইকেটে জয় পায় প্রোটিয়ারা। ব্লুমফন্টেইনে দ্বিতীয় ওয়ানডেতে প্রথমে ব্যাট করে ৭ উইকেটে ৩৪২ রানের বড় সংগ্রহ পায় সফরকারী ইংল্যান্ড। জবাবে ৩৪৩ রানের বিশাল টার্গেট ৫ বল বাকি থাকতেই পেরিয়ে যায় দক্ষিণ আফ্রিকা।

প্রোটিয়াদের সিরিজ জয় নিশ্চিতের ম্যাচে বড় ভূমিকা রাখেনঅধিনায়ক টেম্বা বাভুমা। ১০২ বল খেলে ১৪ চার ও ১ ছক্কায় ১০৯ রান করেন বাভুমা। পরের দিকে এইডেন মার্করাম ৪৯, ডেভিড মিলার অপরাজিত ৫৮ ও মার্কো জানসেন অনবদ্য ৩২ রানের গুরুত্বপূর্ণ ইনিংস খেলেন।

ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের শেষ ম্যাচেও জয় পেতে মরিয়া দক্ষিণ আফ্রিকা। দলের অধিনায়ক বাভুমা বলেন, ‘আমাদের সামনে বিশ্বকাপ সুপার লিগের সমীকরণ। ইংলিশদের শেষ ম্যাচে হারাতে পারলে, সমীকরণ পূরনের পথে বেশ ভালোভাবে টিকে থাকবো আমরা। এজন্য জয় ছাড়া অন্য কিছুই ভাবার অবকাশ নেই।’

এদিকে, হোয়াইটওয়াশ এড়াতে জয়ের বিকল্প নেই ইতোমধ্যেই সরাসরি বিশ্বকাপ খেলা নিশ্চিত করা ইংল্যান্ডের। জয় দিয়ে সিরিজ শেষ করার ইচ্ছার কথা জানালেন মিডল-অর্ডার ব্যাটার হ্যারি ব্রুক, ‘বাজে পারফরম্যান্স না হলেও সিরিজের দুই ম্যাচই হেরেছি আমরা। সিরিজ হার অবশ্যই হতাশাজনক। শেষটা ভালোভাবে করতে জয়ের লক্ষ্য নিয়েই মাঠে

নামবো আমরা।’

ওয়ানডেতে এখন পর্যন্ত ৬৮বার মুখোমুখি হয়েছে ইংল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা। এর মধ্যে ইংল্যান্ড জিতেছে ২৯টিতে, দক্ষিণ আফ্রিকার জয় ৩৩টিতে। ১টি ম্যাচ টাই ও ৫টি পরিত্যক্ত হয়।

সূ্ত্র: ইত্তেফাক

বর্ষসেরা হয়ে পন্টিং-ক্লার্কের পাশে স্মিথ

চতুর্থবারের মত অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন স্টিভেন স্মিথ। রিকি পন্টিং ও মাইকেল ক্লার্কের পর তৃতীয় ক্রিকেটার হিসেবে চতুর্থবার বর্ষ সেরা ক্রিকেটার নির্বাচিত হয়ে অ্যালান বোর্ডার পদক জিতেছেন স্মিথ।

বর্ষসেরা নারী ক্রিকেটার হয়ে বেলিন্ডা ক্লার্ক পুরস্কার জিতেছেন অজি নারী দলের উইকেটরক্ষক-ব্যাটার বেথ মুনি। দ্বিতীয়বারের মত এই পুরষ্কার জিতলেন মুনি।

শেন ওয়ার্ন বর্ষসেরা টেস্ট ক্রিকেটার হয়েছেন বাঁ-হাতি ওপেনার উসমান খাজা। গত বছর মারা যাওয়া কিংবদন্তি ক্রিকেটার ওয়ার্নের নামে এই পুরস্কারের নামকরণ করা হয়।
বর্ষসেরা ওয়ানডে ক্রিকেটার হয়েছেন ডেভিড ওয়ার্নার। বর্ষসেরা টি-টোয়েন্টি ক্রিকেটারের পুরস্কার জিতেছেন মার্কাস স্টোয়নিস।

সোমবার (৩০ জানুয়ারি) জমকালো অ্যাওয়ার্ড অনুষ্ঠানে ২০২২ সালের বিভিন্ন ক্যাটাগরিতে বর্ষসেরা ক্রিকেটারদের নাম ঘোষণা করে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। খেলোয়াড়, আম্পায়ার ও সংবাদ মাধ্যমের ভোটে সেরা খেলোয়াড় নির্বাচিত করা হয়।

গেল বছর ১০ টেস্ট, ১৭ ওয়ানডে ও ২০ টি-টোয়েন্টি ম্যাচ খেলেছে অস্ট্রেলিয়া। তিন ফরম্যাট মিলিয়ে ১৫২৪ রান করেছেন স্মিথ। টেস্টে তিনটি সেঞ্চুরি করেন তিনি। এর মধ্যে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে

অপরাজিত ২০০ রানের ইনিংসও ছিলো তার।

১৭১ ভোট পেয়ে বর্ষসেরা ক্রিকেটার হয়েছেন স্মিথ। স্মিথ পেছনে ফেলেছেন ট্রাভিস হেড ও ডেভিড ওয়ার্নারকে। হেড ১৪৪ ও ওয়ার্নার ১৪১ ভোট পেয়েছেন।

এর আগে ২০১৫, ২০১৮ ও ২০২১ সালে অ্যালান বোর্ডার মেডেল জিতেছিলেন স্মিথ। ২০০০ সালে এই পুরস্কার শুরুর পর এখন পর্যন্ত সর্বোচ্চ চারবারই এই মেডেল জিতেছিলেন পন্টিং-ক্লার্ক ও স্মিথ।

গেল ১২ মাসে ৭৮.৪৬ গড়ে ১০২০ রান করেছেন খাজা। সর্বোচ্চ ২২ ভোট পেয়ে শেন ওয়ার্ন বর্ষসেরা টেস্ট ক্রিকেটার নির্বাচিত হয়েছেন তিনি। সেরা হওয়ার পথে খাজা পেছনে ফেলেছেন মার্নাস লাবুশেন ও স্মিথকে। লাবুশেন ২০ ও স্মিথ ১৮ ভোট পান।

টাইব্রেকারে বর্ষসেরা ওয়ানডে ক্রিকেটারের পুরস্কার জিতেছেন ওয়ার্নার। স্মিথের সাথে সমান ২৫ ভোট পেলেও টাইব্রেকারের সেরার পুরস্কার পান ওয়ার্নার। ৪২.৪৬ গড়ে ১৩ ম্যাচে ৫৫২ রান করেন ওয়ার্নার। ১১ ম্যাচে ৬৭.৩৭ গড়ে ৫৩৯ রান করেন স্মিথ।

টি-টোয়েন্টিতে বর্ষসেরা ক্রিকেটার হয়েছেন স্টোয়নিস। মাত্র ১ ভোটে এগিয়ে টি-টোয়েন্টির সেরা হন স্টোয়নিস। মোট ২৫ ভোট পান তিনি। ২৪ ভোট পান দ্বিতীয় হওয়া জশ হ্যাজেলউড। ১৬ ম্যাচে ৩৪৭ রান ও ৮ উইকেট নেন স্টয়নিস।

‘ব্র্যাডম্যান ইয়াং ক্রিকেটার’ নির্বাচিত হয়েছেন ২৪ বছর বয়সী পেসার ল্যান্স মরিস।

সূত্র: ইত্তেফাক

মাদ্রিদকে আটকে দিলো

সোসিয়েদাদ

রিয়াল সোসিয়েদাদের গোলরক্ষক অ্যালেক্স রেমিরোর অসাধারণ দক্ষতায় শেষ পর্যন্ত জয় বঞ্চিত হয়েছে রিয়াল মাদ্রিদ। রোববার (২৯ জানুয়ারি) মৌসুমের অন্যতম সেরা ম্যাচ উপহার দিয়েও হতাশ মাদ্রিদকে গোলশুন্য ড্র মেনে নিয়ে মাঠ ছাড়তে হয়েছে। সান্তিয়াগো বার্নাব্যুতে বর্তমান চ্যাম্পিয়নদের পয়েন্ট হারানোর সুযোগে চির প্রতিদ্বন্দ্বী বার্সেলোনা পাঁচ পয়েন্টে ব্যবধানে শীর্ষস্থানে ধরে রেখেছে।

শনিবার (২৮ জানুয়ারি) জিরোনাকে বার্সেলোনা হারানোর পর পয়েন্টের ব্যবধান কমানোর জন্য মাদ্রিদের জয়ের প্রয়োজন ছিল। কিন্তু রেমিরোর কাছে শেষ পর্যন্ত নত স্বীকার করতে হয়েছে গ্যালাকটিকোদের। এই ড্রয়ে ৩৯ পয়েন্ট নিয়ে টেবিলের তৃতীয় স্থানেই থাকলো রিয়াল সোসিয়েদাদ। ভিনিসিয়াস জুনিয়রের তিনটি দারুণ সুযোগ রুখে দিয়েছেন রেমিরো। শুরু থেকেই কার্লো আনচেলত্তির দল উজ্জীবিত পারফরমেন্স দেখাতে থাকে। কিন্তু কোনভাবেই গোল আদায় করতে পারছিলনা। ইতোমধ্যেই বার্সেলোনার কাছে স্প্যানিশ সুপার কাপে পরাজিত হয়েছে মাদ্রিদ। কিন্তু অতিরিক্ত সময়ের গোলে অ্যাথলেটিকো মাদ্রিদকে হারিয়ে কোপা ডেল রে’র সেমিফাইনাল নিশ্চিত করেছে।

রিয়াল সোসিয়েদাদের বিপক্ষে ম্যাচ শেষে সাংবাদিকদের কাছে আনচেলত্তি বলেছেন, ‘এবারের মৌসুমে অন্যতম সেরা ম্যাচ আমরা খেলেছি। এটা সত্যি যে বার্সেলোনা দারুণ ছন্দে আছে। কিন্তু মৌসুমটা অনেক দীর্ঘ। জানুয়ারি সময়টা বেশ জটিল। কিন্তু প্রতিটি বিভাগেই রিয়ালের দারুণ উন্নতি হয়েছে। রক্ষণভাগ, আক্রমণভাগসহ শারীরিক ভাবে নিজেদের দক্ষতা প্রমাণ করে চলেছে। খেলোয়াড়রা উন্নতি করতে শুরু করেছে। ইনজুরিতে থাকা খেলোয়াড়রা ফিরতে শুরু করেছে। সে কারণেই আগামী মাসগুলো নিয়ে আমি আত্মবিশ্বাসী। মৌসুমের দ্বিতীয় ভাগে ফিরে আসার অতীত ইতিহাসে আমাদের রয়েছে।’

প্রথমার্ধে মাদ্রিদ বেশ কিছু ভাল সুযোগ পেয়েও কাজে লাগাতে পারেনি। ব্রাজিলিয়ান দুই উইঙ্গার ভিনিসিয়াস ও রদ্রিগো বারবার প্রতিপক্ষের সামনে হুমকি হয়ে উঠেছেন। ভিনির কার্লিং শট অল্পের জন্য পোস্টের বাইরে দিয়ে চলে যায়। রদ্রিগোর ব্যাক হিল থেকে করিম বেনজেমার শট সহজেই রুখে দনে রেমিরো। এডুয়ার্ডো

কামাভিনগাকে নিজের অবস্থান থেকে সরিয়ে লেফট-ব্যাক পজিশনে কাল শুরু থেকেই খেলিয়েছেন আনচেলত্তি। রেনের সাবেক এই মিডফিল্ডার অবশ্য নিজেকে নতুন পজিশনে ভালই প্রমাণ করেছেন। বিরতির ঠিক আগে ভিনিসিয়াসের আরও একটি শট রুখে দিয়ে সোসিয়েদাদকে রক্ষা করেছেন রেমিরো।

দ্বিতীয়ার্ধের শুরুতেই ব্রাজিলিয়ান উইঙ্গারের আরও একটি শট পা দিয়ে কোনমতে আটকে দেন রেমিরো। ফেডে ভালভার্দের শটও গোলের ঠিকানা খুঁজে পায়নি। রিয়াল মাদ্রিদ গোলরক্ষক থিবো কোর্তোয়া প্রথমবারের মত পরীক্ষা দেন ৬০ মিনিটে। জাপানিজ মিডফিল্ডার টাকেফুসা কুবো ডানদিক থেকে শট নিলে কোর্তোয়ার কারণে তা সফল হয়নি। ভিনিসিয়াসের একটি লব আবারো দক্ষতার সাথে রক্ষা করেন রেমিরো। স্টপেজ টাইমে সময় নষ্ট করার কারণে রেমিরোকো হলুদ কার্ড দেখতে হয়েছে।

সূত্র: ইত্তেফাক

প্লে অফ নিশ্চিত করার লক্ষ্য সিলেটের

বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) টি-টোয়েন্টি ক্রিকেটের নবম আসরে নিজেদের দশম ম্যাচে খুলনা টাইগার্সের মুখোমুখি হবে মাশরাফি-মুশফিকের সিলেট স্ট্রাইকার্স। এ ম্যাচে খুলনাকে হারিয়ে প্লে-অফ নিশ্চিত করতে চায় সিলেট। অন্য দিকে টানা দুই ম্যাচ হারের পর ঘুরে দাঁড়াতে মরিয়া তামিম-ইয়াসিরের খুলনা।

সোমবার (৩০ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে শুরু হবে সিলেট ও খুলনার ম্যাচটি। ৯ ম্যাচে ৭ জয় ও ২ হারে ১৪ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে সিলেট। আর মাত্র ১টি জয় পেলেই প্রথম দল হিসেবে প্লে-অফ নিশ্চিত হবে সিলেটের। ৭ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে নিজেদের মাঠে খেলতে নেমেই হোঁচট খায় সিলেট। রংপুর রাইডার্সের কাছে ৬ উইকেটে ম্যাচ হারে তারা। স্বল্প পুঁজি নিয়েও সিলেটের বোলাররা লড়াই করার চেষ্টা

করেছিলেন। শেষপর্যন্ত ৬ উইকেটে হার মানে সিলেট।

রংপুরের কাছে হারের পর শনিবার (২৮ জানুয়ারি) চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের বিপক্ষে দারুণ জয়ের স্বাদ পেয়েছে সিলেট। ওপেনার নাজমুল হোসেন শান্তর হাফ-সেঞ্চুরি এবং মুশফিকুর রহিম-জিম্বাবুয়ের রায়ান বার্লের ঝড়ো ইনিংসে ২ ওভার বাকী থাকতেই নিজ মাঠে প্রথম জয়ের স্বাদ পায় সিলেট। শান্ত ৪৪ বলে ৬০, বার্ল ১৬ বলে ৪১ ও মুশফিক ২৬ বলে অপরাজিত ৪১ রান করেন। এই ইনিংসের সুবাদে চলমান আসরে সর্বোচ্চ রানের মালিক হন শান্ত। ৯ ইনিংসে ৩টি হাফ-সেঞ্চুরিতে ৩৫০ রান করেছেন তিনি। ৭ ইনিংসে ৩টি অর্ধশতকে ৩০৬ রান নিয়ে রান সংগ্রহের তালিকায় দ্বিতীয়স্থানে নেমে যান ফরচুন বরিশালের অধিনায়ক সাকিব আল হাসান। বোলিং বিভাগে সিলেটকে সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন দলনেতা মাশরাফি বিন মর্তুজা। ৯ ইনিংসে ১২ উইকেট শিকার করেছেন তিনি। উইকেট শিকার তালিকায় দ্বিতীয় স্থানে আছেন ম্যাশ।

অন্য দিকে নিজেদের সর্বশেষ দুই ম্যাচে পরাজয়ের স্বাদ নিয়ে নিয়ে সিলেটের মুখোমুখি হবে খুলনা। শেষ দুটিতে ঢাকার বিপক্ষে ২৪ রানে ও কুমিল্লা ভিক্টোরিয়ান্সের কাছে ৪ রানে ম্যাচ হারে খুলনা। ঢাকার ছুঁড়ে দেয়া ১০৯ রানের টার্গেট স্পর্শ করতে পারেনি খুলনা। মিরপুরের মাঠে ব্যাটারদের চরম ব্যর্থতায় ৮৪ রানে অলআউট হয় খুলনা। সিলেটের মাটিতে খেলতে নেমেও ভাগ্য বদলায়নি খুলনার। জয়ের কাছে গিয়েও হার এড়াতে পারেনি তারা। কুমিল্লার ১৬৫ রানের জবাবে ৬ উইকেটে ১৬১ রান করে খুলনা। খুলনার হয়ে এখন অবধি সর্বোচ্চ রান করেছেন ওপেনার তামিম ইকবাল। ৭ ইনিংসে ১৯৪ রান করলেও দলের জন্য বড় ভূমিকা রাখতে পারছেন না তামিম। খুলনার হয়ে সর্বোচ্চ উইকেট শিকারি পাকিস্তানের পেসার ওয়াহাব রিয়াজ। ৭ ইনিংসে ১৩ উইকেট নিয়েছেন তিনি। যা এখন পর্যন্ত চলমান আসরে সর্বোচ্চ। ৭ ম্যাচে ২ জয় ও ৫ হারে ৪ পয়েন্ট নিয়ে টেবিলের পঞ্চমস্থানে খুলনা।

সূত্র:ইত্তেফাক

উৎসব মূখর পরিবেশে কোটচাঁদপুর নৌকা বাইচ প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে সরস্বতী পূজা উৎযাপন উপলক্ষে উৎসব মূখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে গ্রাম বাংলার ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা।

শনিবার বিকালে উপজেলার শিঙ্গিয়া বটতলা ঘাটে সিঙ্গিয়া আইপিএম কৃষি মোর্চা সহযোগিতায় ও সিঙ্গিয়া গ্রাম বাসীর আয়োজনে স্থানীয় বলুহর বাঁওড়ে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। নৌকা বাইচ প্রতিযোগিতায় দুটি গ্রুপে মোট ৮ টি নৌকা অংশগ্রহন করে।

গ্রাম বাংলার ঐতিহ্যবাহী এই নৌকা বাইচ দেখতে সকাল থেকেই দর্শনার্থীদের ঢল নামে শিঙ্গিয়া গ্রামের হালদার পাড়া এলাকার বাঁওড় পাড়ে। দূর দুরান্ত থেকে শুরু করে আশপাশের সব এলাকা থেকে সব বয়সী শত শত মানুষ গ্রাম বাংলার ঐতিহ্যবাহী এই নৌকা বাইচ দেখতে আসেন। উপজেলার বিভিন্ন এলাকা থেকে সুসজ্জিত নৌকা নিয়ে প্রতিযোগীরা অংশ এতে নেন।

বাদ্যযন্ত্রের তালে তালে বৈঠার ছপ ছপ শব্দ মিলেমিশে একাকার হয়ে গিয়েছিল এই নৌকা বাইচ এলাকাতে। পুরুষের পাশাপাশি নারীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।ছিলো দর্শনার্থীদের উপচে পড়া ভীড়।

বলুহর ইউনিয়নে ৯ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মুহিদুল ইসলামের সভাপতিত্বে নৌকা বাইচ প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী, উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার, বলুহর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, বলুহর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আকিমুল ইসলাম প্রমুখ।